জীবননগরে ৬ ইউপি নির্বাচন ৯ প্রাথী মনোনয়নপত্র প্রত্যাহার

আগামী ১৬ মাচ জীবননগর উপজেলার ৬টি ইউনিয়নে নির্বাচন। এ নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী হওয়া আওয়ামীলীগের ৩ নেতাসহ ৬সদস্য তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নির্বাচন থেকে সড়ে দাড়িয়েছেন।

সোমবার জীবননগর উপজেলা নিবাচন অফিস সুত্রে জানা গেছে।

আগামি ১৬মাচ জীবননগর উপজেলার ৬টি ইউনিয়ন নিবাচন থেকে সরে দাড়িয়েছেন, মনোহরপুর ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রাথী মোঃ রাজা মিয়া, উথলী ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রাথী ফৈরদৌস লিমন ও বাকা ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান মোঃ শামীম হোসেন এছাড়াও মনোহরপুর ইউনিয়নের ৫নং ওয়াডের মেম্বার প্রাথী আবু সাঈদ কে ডি কে ইউনিয়নের ৩নং ওয়াডের সংরক্ষিত মহিলা সদস্য জোসনা খাতুন, ৩নং ওয়াডের মেম্বার প্রাথী আঃ হান্নান, ৪নং ওয়াডের মেম্বার প্রাথী মোঃ বাবলু,বাকা ইউনিয়নের ১নং ওয়াডের মেম্বার প্রাথী হাফিজুর রহমান, হাসাদহ ইউনিয়নের ৯নং ওয়াডের মেম্বার প্রাথী বোরহান উদ্দিন মনোনয়নপত্র প্রত্যাহার করেন।

উপজেলার ৬টি ইউনিয়ন থেকে স্বতন্ত্র প্রাথী নির্বাচন থেকে সড়ে দাঁড়ানোর কারনে বর্তমানে নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী রয়েছেন ২৮ জন।

প্রার্থীরা হলেন কে ডি কে ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ খাইরুল বাশার শিপলু, স্বতন্ত্র প্রাথী মোঃ রাজিব হোসেন, স্বতন্ত্র প্রাথী মোঃ মুহিবুল হক, মনোহরপুর ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ সোহরাব হোসেন খান, স্বতন্ত্র প্রাথী মোঃ কামরুজ্জামান, ইসলামী আন্দোলনের মনোনীত প্রাথী মোঃ আবু নাঈম, উথলী ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ আব্দুল হান্নান, স্বতন্ত্র প্রাথী মোঃ আবুল কালাম আজাদ, স্বতন্ত্র প্রাথী আফজালুর রহমান ধীরু, হাসাদহ ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ রবিউল ইসলাম বিশ্বাস, স্বতন্ত্র প্রাথী সোহরাব বিশ্বাস, স্বতন্ত্র প্রাথী মোঃ মতিয়ার রহমান, স্বতন্ত্র প্রাথী মোঃ আলম, রায়পুর ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ তাহাজ্জদ মিজা, স্বতন্ত্র প্রাথী মোঃ আব্দুর রশিদ

শাহ, স্বতন্ত্র প্রাথী মোঃ সাজ্জাদ বিশ্বাস, স্বতন্ত্র প্রাথী মোঃ সাজ্জাদ হোসেন, বাকা ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী আব্দুল কাদের প্রধান, স্বতন্ত্র প্রাথী মোঃ শাহাববুদ্দিন, স্বতন্ত্র প্রাথী মাওলানা মোঃ হাফিজুর রহমান, স্বতন্ত্র প্রাথী আবুল কাশেম, স্বতন্ত্র প্রাথী রাজা মালিতা।

জীবননগর উপজেলা নিবাচন অফিসার মোঃ মেজর আহম্মেদ বলেন, আগামী ১৬ মাচ জীবননগর উপজেলার ৬টি ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে এই নিবাচন অবাধ সুষ্ঠ নিবাচন হবে। ইতোমধ্যেই ৩জন স্বতন্ত্র চেয়ারম্যান প্রাথী সেচ্ছায় মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছে। আজ মঙ্গলবার প্রাথীদের মাঝে প্রতীক বরাদ্ধ দেওয়া হবে।

দুই জন প্রার্থীর মনোনয়নপত্র প্রত্যাহার

মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদের উপনির্বাচনের ২ প্রার্থী তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছেন।

এরা হলেন ইদ্রিস আলী মাস্টার ও মিজানুর রহমান হিরন।

আজ বৃহস্পতিবার (৭ জুলাই) মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিনে মেহেরপুর জেলা নির্বাচন অফিসারের কার্যালয় থেকে তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নেন।

ইদ্রিস আলী সদর উপজেলার কুতুবপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি। মিজানুর রহমান হিরণ মেহেরপুর জেলা যুব লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচনের দায়িত্বপ্রাপ্ত রিটার্নিং অফিসার মোহাম্মদ আবু আনছার এ তথ্য নিশ্চিত করেন।

উল্লেখ্য, সদর উপজেলা পরিষদের উপ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদে ৬ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দেন।